

শুভেচ্ছা সফরে ভারতীয় নৌবাহিনী ও কোস্ট গার্ডের তিনটি জাহাজের চট্টগ্রাম বন্দরে আগমন

পাঁচদিনের শুভেচ্ছা সফরে ভারতীয় নৌবাহিনীর দুইটি ও কোস্ট গার্ডের একটি জাহাজ আজ শুক্রবার (১১-১১-২০১৬) চট্টগ্রাম ড্রাই ডক জেটিতে এসে পৌঁছেছে। বাংলাদেশ সফরকারী ভারতীয় জাহাজ তিনটি 'আইএনএস তীর', 'আইএনএস সুজাতা' এবং 'আইসিজিএস ভারুণা' চট্টগ্রামে এসে পৌঁছালে কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চলের চিফ স্টাফ অফিসার ক্যাপ্টেন কামাল নাসের তাদের আনুষ্ঠানিকভাবে স্বাগত জানান। এসময় প্রথা অনুযায়ী বাদ্য পরিবেশন করে জাহাজ তিনটিকে স্বাগত জানানো হয়।



পাঁচদিনের শুভেচ্ছা সফরে আজ শুক্রবার (১১-১১-২০১৬) চট্টগ্রাম ড্রাই ডক জেটিতে পৌঁছায় ভারতীয় নৌবাহিনীর প্রশিক্ষণ জাহাজ 'আইএনএস তীর', 'আইএনএস সুজাতা' ও কোস্টগার্ডের জাহাজ 'আইসিজিএস ভারুণা'।

বাংলাদেশে অবস্থানকালীন সময়ে জাহাজ তিনটির অধিনায়কগণ কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল রিয়ার এডমিরাল এম শাহীন ইকবালসহ চট্টগ্রাম নৌ অঞ্চলের সকল নৌ প্রশাসনিক কর্তৃপক্ষ, চট্টগ্রাম বন্দরের চেয়ারম্যান এবং কোস্ট গার্ড পূর্ব জোনের জোনাল কমান্ডারের সাথে সৌজন্য সাক্ষাত করবেন। সফররত জাহাজ তিনটির কর্মকর্তা এবং নাবিকগণ বাংলাদেশ নৌবাহিনী জাহাজ সমুদ্র জয়, সমুদ্র অভিযানসহ বাংলাদেশ নেভাল একাডেমি, 'স্কুল অফ মেরিটাইম ওয়ারফেয়ার এন্ড ট্যাকটিক্স (এসএমডব্লিউটি) এবং বানৌজা শহীদ মোয়াজ্জম ঘাঁটি পরিদর্শন করবেন। এছাড়া ভারতীয় নৌবাহিনীর তত্ত্বাবধানে বানৌজা পতেঙ্গায় স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী, নেভাল একাডেমিতে ফ্রি মেডিকেল ক্যাম্পেইন এবং বানৌজা ঈসা খানে দুই দেশের নৌসদস্যদের অংশগ্রহণে ইয়োগা ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে। পাশাপাশি তারা পতেঙ্গায় 'ওরকা' অনাথ আশ্রম, বাংলাদেশ নৌবাহিনী পরিচালিত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য প্রতিষ্ঠিত 'আশার আলো' স্কুল এবং চট্টগ্রামের বিভিন্ন ঐতিহাসিক স্থাপনা পরিদর্শন করবেন।

ভারতীয় জাহাজসমূহের এই বাংলাদেশ সফরের মধ্য দিয়ে দুই দেশের নৌবাহিনীর মধ্যকার বিদ্যমান বন্ধুত্বপূর্ণ সুসম্পর্ক আরও জোরদার হবে বলে আশা করা যায়। উল্লেখ্য, শুভেচ্ছা সফর শেষে জাহাজ তিনটি আগামী ১৫ নভেম্বর ২০১৬ তারিখ বাংলাদেশ ত্যাগ করবে।